গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০৫.১৬-৫৫৩ তারিখ :০৩.০৮.২০১৭ খ্রিঃ।

**বিষয়: মাউশি কর্তৃক পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসার সহকারী মৌলভী জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহর স্থগিত এম.পি.ও চালু করার আদেশ বাতিল করণের জন্য মাউশিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ (১) পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসার সহকারী মৌলভী মোহাম্মদ আকতারুদ্দৌলাহর আবেদন, তারিখ:০৭.১২.১৫ খ্রি:।
(২) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামা শিবো/যাচাই/ভিশেষ-২/সনদ-গোঃ/১৬৩৮ তারিখ:১৮.০১.১৬খ্রি:।
(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.২৫.০০০০.০০৩.০২.০৫.১৬-৫৯, তারিখ:২১.০১.২০১৬ খ্রি:।
(৪) পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসার স্মারক নং-পি,এ,ইউ,আই,এ,এম তারিখ:১৩.০৩.২০১৬খ্রি:।
(৫)মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.২৫.০০০০.০০৩.০২.০৫.১৬-১০৩৯ তারিখ:২৯.০৯.২০১৬খ্রি:।
(৬) পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসার স্মারক নং-পি,এ,ইউ,আই,এ,এম/সহ-মৌলভী আকতারুদ্দৌলাহ/মার্চ-১৭ বেতন মঞ্জুর/২০১৭,তারিখ-০৩.০৫.২০১৭খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে,কক্সবাজার জেলার পেকুয়া উপজেলাধীন পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসার সহকারী মৌলভী জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ কর্তৃক সূত্রে বর্ণিত ১ নং স্মারকের মাধ্যমে জানানো হয় যে, এম.পি.ও শীটে তাঁর (জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ) জন্ম তারিখ ভুল (১৫.০৯.১৯৫২) থাকায় ২০১২ খ্রিঃ হতে তাঁর এম.পি.ও স্থগিত হয়ে যায়।

০২.তাঁর (জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ) দাবী মতে তাঁর জন্ম তারিখ ০১.০৩.১৯৫৮ খ্রিঃ। এর প্রেক্ষিতে এম.পি.ও শীটে জন্ম তারিখ সংশোধনসহ স্থগিত এম.পি.ও চালুকরণ এবং বকেয়া বেতন ভাতাদি প্রাপ্তির নিমিত্ত জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ কর্তৃক মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করা হয়।

০৩. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক জন্ম তারিখ যাচাইকৃত পত্র মাদরাসা শিক্ষা অধিদপ্তরে হস্তগত হওয়ার পর মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রে বর্ণিত ৩ নং স্মারকের মাধ্যমে তাঁর (জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ) চাকুরী সংক্রান্ত প্রয়োজনীয় আরো তথ্যাদি চেয়ে অধ্যক্ষ, পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসা বরাবর পত্র প্রেরণ করা হয়।

০৪. অধ্যক্ষ, পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসা কর্তৃক সূত্রে বর্ণিত ৪ নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের (চাহিত তথ্যাদির জন্য) query এর জবাব দেয়া হয়।

০৫. অধ্যক্ষ কর্তৃক প্রাপ্ত জবাবী পত্রের তথ্য ও অন্যান্য কাগজ-পত্র যাচাই এ দেখা যায় যে, ১৯৯৮- ২০১১ পর্যন্ত সকল এমপিও শীটে জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহর জন্ম তারিখ ১৫.০৯.১৯৫২। সেমতে তাঁর (জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ) চাকুরীর বয়স (১৯৫২-২০১২) ৬০ বছর পূর্ণ হওয়ায় বিধি মোতাবেক তাঁর এমপিও বন্ধ করে দেয়া হয় মর্মে প্রতীয়মান হয়।

০৬.এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, সহকারী মৌলভী পদে উক্ত মাদরাসায় নিয়োগ প্রাপ্তির নিমিত্ত জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ কর্তৃক নিজ হাতে লেখা চাকুরীরর আবেদন পত্রে তাঁর (জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ) **জন্ম তারিখ ১৫.০৯.১৯৫২ উল্লিখিত হয়েছে**।

০৭.আরো উল্লেখ্য যে, ১৯৯৮- ২০১২ পর্যন্ত জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ ভুল জন্ম তারিখে বেতন-ভাতা উত্তোলন করলেও দীর্ঘ (১৯৯৮- ২০১২) ১৫ বছরে ভুল জন্ম তারিখ সংশোধনের কোন উদ্যোগ/পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মে কোন প্রমাণ পাওয়া যায়নি।

০৮. জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ'র দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রে বর্ণিত ২ নং স্মারকের মাধ্যমে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের মাধ্যমে তাঁর জন্ম তারিখ যাচাই করা হয় এবং যাচাইকৃত জন্ম তারিখ (০১.০৩.১৯৫৮ খ্রি:) ও আবেদনকারীর আবেদনের সাথে সংযুক্ত জাতীয় পরিচয় পত্র ও জন্ম তারিখ প্রমাণক দাখিল পরীক্ষার সনদ পত্রে উল্লিখিত জন্ম তারিখ (০১.০৩.১৯৫৮ খ্রি:) অভিন্ন পরিলক্ষিত হয়।

০৯. যেহেতু জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ কর্তৃক চাকুরী প্রাপ্তির জন্য দাখিলকৃত আবেদনে নিজ হাতে **জন্ম তারিখ ১৫.০৯.১৯৫২ উল্লিখিত হয়েছে** এবং দীর্ঘ ১৫ বৎসরেও এমপিও শীটে থাকা ভুল (তাঁর দাবীমতে) জন্ম তারিখ সংশোধনের উদ্যোগ নেয়া হয়নি সেহেতু সুত্রোস্থ ৫ নং স্মরক পত্রের মাধ্যমে "উপরিউক্ত কারণে জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহর স্থগিত এমপিও পুনরায় চালু হওয়া বিধি সম্মত নয় " মর্মে অধ্যক্ষ, পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসাসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করে পত্র প্রেরণ করা হয়।

০৯.অন্যদিকে মাউশি কর্তৃক ইতোমধ্যে মার্চ,২০১৭ খ্রি: তারিখ হতে জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহ'র এমপিও চালু করা হয়েছে মর্মে অধ্যক্ষ, পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসা কর্তৃক সূত্রোস্থ ৬ নং স্মারক মূলে মাদরসা শিক্ষা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়।

১০.জাতীয় পরিচয় পত্রে ও দাখিল পরীক্ষার সনদে যাই থাকুক না কেন যেহেতু সহকারী মৌলভী পদে নিয়োগ প্রাপ্তির নিমিত্ত জনাব মোহাম্মদ **আকতারুদ্দৌলাহ কর্তৃক নিজ হাতে লেখা আবেদন পত্রে তাঁর জন্ম তারিখ ১৫.০৯.১৯৫২ উল্লিখিত হয়েছে এবং যেহেতু দীর্ঘ ১৫ বৎসরেও এমপিও শীটে থাকা ভুল (তাঁর দাবীমতে) জন্ম তারিখ সংশোধনের উদ্যোগ নেয়া হয়নি** এবং জনাব আকতারুদ্দৌলাহ স্বজ্ঞানে স্বেচ্ছায় নিজ হাতে লেখা চাকুরীর আবেদনে **জন্ম তারিখ ১৫.০৯.১৯৫২ খ্রি:** উল্লেখ করেছেন এবং এর ফলে ২০১২ সালে তাঁর বয়স (১৯৫২- ২০১২) ৬০ বছর পূর্ণ হয়েছে সেহেতু বিধি মোতাবেক তাঁর এমপিও বন্ধ করে দেয়া হয়েছে এবং তা (স্থগিত এমপিও) চালু হওয়ার কোন আইনগত সুযোগ নেই।

১১.এমতাবস্থায় **মাউশি কর্তৃক পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসার সহকারী মৌলভী জনাব মোহাম্মদ আকতারুদ্দৌলাহর স্থগিত এম.পি.ও চালু করার আদেশ (জারী হয়ে থাকলে) বাতিল করণের নিমিত্ত মাউশিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।বিষয়টি অতীব জরুরী।**

০৩.০৮.১৭

(মোঃ বিল্লাল হোসেন)
মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
টেলিফোন নং- ৯৩৫৭০৫৯
ই-মেইল- dgdmeb@gmail.com

সচিব
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:
০১. মহাপরিচালক,মাউশি অধিদপ্তর,শিক্ষা ভবন আব্দুল গণি রোড,ঢাকা
০২. অধ্যক্ষ, পেকুয়া আনোয়ারুল উলুম আলিম মাদরাসা,পেকুয়া,কক্সবাজার।